

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ১৮, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[মূল্য সংযোজন কর]
প্রজ্ঞাপন

তারিখ, ৩ কার্তিক ১৪১৭ বঙ্গাব্দ/১২ অক্টোবর ২০১০ খ্রিস্টাব্দ

এস.আর.ও নং ৩৫১-আইন/২০১০/৫৭৮-মুসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার Small Power Plant (SPP) এবং Captive Power Plant (CPP) কর্তৃক উৎপাদিত বিদ্যুৎ কেবল একই মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানে ব্যবহারের ক্ষেত্রে, নিম্নবর্ণিত শর্তে, বিতরণ পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ—

শর্ত

- (১) বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক SPP/CPP কে বিদ্যুৎ উৎপাদনের জন্য লাইসেন্স গ্রহণ করিতে হইবে;
- (২) ব্যক্তি মালিকানাধীন, অংশীদারী ফার্ম অথবা লিমিটেড কোম্পানী, যাহাই হউক না কেন, একই মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে, যে প্রতিষ্ঠানে বিদ্যুৎ সরবরাহ করা হইবে সে প্রতিষ্ঠানে SPP বা CPP এর মালিক বা অংশীদারগণের কমপক্ষে ৭৫ (পঁচাত্তর) শতাংশ অংশীদারিত্ব বা মালিকানা থাকিতে হইবে; এবং
- (৩) বিদ্যুৎ সরবরাহ গ্রহণকারী প্রতিষ্ঠানটি মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর অধীন নিবন্ধিত উৎপাদনকারী প্রতিষ্ঠান হইতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. নাসিরউদ্দীন আহমেদ
সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd

(৯৪৮৫)

মূল্যঃ টাকা ২.০০